যুগান্তর

তারিখ 14 AUG 2009
পৃষ্ঠা ... কলাম ...

# প্রাথমিক স্কুল পরিচালনার কর্তৃত্ব থাকবে সাংসদ ও উপজেলা চেয়ারম্যানদের হাতে

## প্রজ্ঞাপন জারি

যুগান্তর রিপোর্ট

স্কুল, কলেজ, মাদ্রসার পর এবার প্রাইমারি স্কুলের পরিচালনা কমিটির কর্তৃত্বও স্থানীয় সাংসদ এবং উপজেলা চেয়ারম্যানদের হাতে তুলে দেয়া হয়েছে। মঙ্গলবার প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় পৃথক তিনটি প্রজ্ঞাপনের মাধ্যমে এ সংক্রান্ত নতুন নীতিমালা ঘোষণা করেছে। তবে এ নীতিমালা পার্বত্য জেলাগুলোতে কার্যকর হবে না। পার্বত্য জেলাগুলোতে নীতিমালার আলোকে স্বতন্ত্র নীতিমালা প্রণয়ন করতে বলা হয়েছে। সারাদেশে যে ১২ ধরনের প্রাথমিক বিদ্যালয় চালু রয়েছে, তার সবক'টির স্কুল ম্যানেজিং কমিটি (এসএমসি) নতুন নীতিমালার আলোকে গঠনের নির্দেশ দেয়া হয়েছে। এতে এসএমসির দায়িত্ব ও কর্মপরিধি নির্ধারণ করে দেয়া হয়েছে। কমিটির মেয়াদ বিগত দিনের ২ বছর থেকে

প্রাথমিক : পৃষ্ঠা ১৫ : কলাম ৩

## প্রাথমিক : স্কুল

(১ম পৃষ্ঠার পর)

বাড়িয়ে ৩ বছর এবং কমিটিতে মহিলা সদস্য নির্বাচনের বিধান বাধ্যতামূলক করা হয়েছে। মহানগর ও উপজেলা পর্যায়ের বিদ্যালয়ের কমিটির সদস্য সংখ্যা দু'রকম করা হয়েছে। মহানগরে ১৪ সদস্য এবং উপজেলায় ১৮ সদস্য বিশিষ্ট কমিটি গঠনের বিধান করা হয়েছে। উপজেলা পর্যায়ের বিদ্যালয়ের কমিটিতে সভাপতি হবেন উপজেলা চেয়ারম্যান আর এর উপদেষ্টা হবেন স্থানীয় এমপি। যেসব উপজেলায় দু'জন এমপি রয়েছেন তাদের দু'জনকেই কমিটির উপদেষ্টা করার বিধান রাখা হয়েছে। অন্যদিকে মহানগর কমিটির বেলায় প্রাথমিক শিক্ষা অধিদফতরের বিভাগীয় উপ-পরিচালক কমিটির চেয়ারম্যান হবেন।

অভিভাবক প্রতিনিধি নির্বাচনের ক্ষেত্রে নতুন নীতিমালায় অভিভাবকদের ভোটের মাধ্যমে বিদ্যালয় পরিচালনা কমিটিতে ২ জন পুরুষ ও ২ জন মহিলা অভিভাবক সদস্য নির্বাচিত করার বিধান বাধ্যতামূলক করা হয়েছে। এতে বলা হয়েছে, প্রধান শিক্ষক সংশ্লিষ্ট উপজেলা শিক্ষা অফিসারের মাধ্যমে নির্বাচনের ৬০ দিন আগে ভর্তি রেজিস্টার ও হাজিরা খাতার ভিত্তিতে ভোটার তালিকা চূড়ান্ত করবেন। এরই ভিত্তিতে নির্বাচন করতে হবে।